



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
**শাহজাদপুর সরকারি কলেজ**  
শাহজাদপুর, সিরাজগঞ্জ।  
স্থাপিত : ১৯৬৪ খ্রিঃ



স্মারক নং- ০২৯.০২০.২০২০.০৭

তারিখ :.....০৫/০১/২০২০ খ্রিঃ

**“প্রকাশ্য নিলাম বিজ্ঞপ্তি”**

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সিরাজগঞ্জ জেলাধীন শাহজাদপুর উপজেলার শাহজাদপুর সরকারি কলেজের অধ্যক্ষ ও উপাধ্যক্ষের পুরাতন জরাজীর্ণ দুটি বাসভবন নিম্নবর্ণিত শর্ত মোতাবেক (যেখানে যে অবস্থায় আছে) নিলাম ডাকের মাধ্যমে বিক্রি করা হবে। আগামী ১৪/০১/২০২০ খ্রি. বেলা ১০:০০ ঘটিকায় অধ্যক্ষের কার্যালয়ে প্রকাশ্য নিলাম ডাক অনুষ্ঠিত হবে। উক্ত দিনে আগ্রহী সকলকে ডাকে অংশগ্রহণের জন্য আহ্বান করা হলো।

| ক্রমিক নং | মালামালের বিবরণ                | প্রাক্কলিত মূল্য |
|-----------|--------------------------------|------------------|
| ০১.       | জরাজীর্ণ পরিত্যক্ত ভবন (০২ টি) | টাকা= ৫৩,৫০০/-   |


**শর্তাবলী:**

- ১। নিলাম ডাকের সময় নগদে ৫০০০ (পাঁচ হাজার) টাকা জামানত স্বাপেক্ষে নিলাম ডাকে অংশ গ্রহণ করতে পারবে।
- ২। প্রাক্কলিত মূল্যের চেয়ে কম মূল্যে ডাক দেয়া যাবে না।
- ৩। উদ্বৃত্ত মূল্যের সরকারি বিধি মোতাবেক ভ্যাট ও আয়কর পরিশোধ করতে হবে।
- ৪। সর্বোচ্চ ডাককারীকে ডাক শেষে ডাককৃত মূল্য ট্রেজারী চালানের মাধ্যমে জমাদান পূর্বক কার্যাদেশ গ্রহণ করতে হবে।
- ৫। কার্যাদেশ পাওয়ার পরবর্তী ১৫ (পনের) দিনের মধ্যে নিলামকৃত ভবনদ্বয় নিজ খরচে নিজ দায়িত্বে অপসারণের কাজ সম্পন্ন করতে হবে। অপসারণের সময় কোন দৃঘটনা ঘটলে অনুমোদিত ডাককারীকেই তার দায় দায়িত্ব বহন করতে হবে।  
এর জন্য কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।
- ৬। সর্বোচ্চ ডাককারীকে ডাক অনুমোদনে কর্তৃপক্ষ বাধ্য নহেন।
- ৭। নিলাম ডাকের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত।
- ৮। অধ্যক্ষ মহোদয়ের সাথে আলোচনা সাপেক্ষে মালামাল গ্রহণ করতে হবে।

স্বাক্ষরিত  
(প্রফেসর ড. মোঃ আবদুস ছাত্তার)  
অধ্যক্ষ  
শাহজাদপুর সরকারি কলেজ  
শাহজাদপুর, সিরাজগঞ্জ  
ও  
সদস্য সচিব, নিলাম কমিটি।

**অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :**

- ১। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, শাহজাদপুর, সিরাজগঞ্জ।
- ৪। সহকারী প্রকৌশলী, সিরাজগঞ্জ।  
(তাকে তার ওয়েবসাইটে প্রচারের জন্য অনুরোধ করা হলো ও সদস্য হিসেবে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো)।
- ৫। উপ-সহকারী প্রকৌশলী, শাহজাদপুর, সিরাজগঞ্জ  
(তাকে আগামী ১৪/০১/২০২০ তারিখে সকাল ১০:০০ ঘটিকায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো)।
- ৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শাহজাদপুর, সিরাজগঞ্জ  
(তাকে আগামী ১৪/০১/২০২০ তারিখে সকাল ১০:০০ ঘটিকায় কমিটির সদস্য হিসেবে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো)।

  
(প্রফেসর ড. মোঃ আবদুস ছাত্তার)  
অধ্যক্ষ  
শাহজাদপুর সরকারি কলেজ  
শাহজাদপুর, সিরাজগঞ্জ  
ও  
সদস্য সচিব, নিলাম কমিটি।